# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ উপস্থিত বিপদ দূর করার দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

উপস্থিত বিপদ দূর করার দুআ

১।

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ السَّمَوَاتِ، وَرَبُّ الْأَرْضِ، وَرَبُّ الْعَرْشِ الْكَرِيمِ

উচ্চারণঃ লা ইলা-হা ইল্লাল্লা-হুল আযীমুল হালীম, লা ইলা-হা ইল্লাল্লাহু রাব্দুল আরশিল আযীম, লা ইলা-হা ইল্লাল্লাহু রাব্দুস সামাওয়াতি অরাব্বুল আরযি,অ রাব্বুল আরশিল কারীম।

অর্থঃ আল্লাহ ছাড়া কোন সত্য মাবুদ নেই; যিনি সুমহান, সহিষ্ণু। আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই; যিনি সুবৃহৎ আরশের প্রতিপালক। আল্লাহ ছাড়া কোন সত্য আরাধ্য নেই; যিনি আকাশমন্ডলী, পৃথিবী ও সম্মানিত আরশের অধিপতি। (বুঃ ৭/১৫৪ মুঃ ৪২ ০৯২)

২।

اللَّهُمَّ رَحْمَتَكَ أَرْجُو فَلَا تَكِلْنِي إِلَى نَفْسِي طَرْفَةَ عَيْنٍ، وَأَصْلِحْ لِي شَأْنِي كُلَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা রাহমাতাকা আরজু ফালা আকিলনী ইলা নাফসী ত্বরফাতা আইন, অ আসলিহ লী শা’নী কুল্লাহ, লা ইলা-হা ইল্লা আন্ত।

অর্থঃ হে আল্লাহ! তোমার রহমতেরই আশা রাখি। অতএব তুমি আমাকে পলকের জন্যও আমার নিজের উপর সোপর্দ করে দিয়ো না এবং আমার সকল অবস্থাকে সংশোধিত করে দাও। তুমি ছাড়া কেউ সত্য মাবুদ নেই।

৩।

لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

অর্থঃ তুমি ছাড়া কেউ সত্য উপাস্য নেই, তুমি পবিত্র, নিশ্চয় আমি সীমালংঘনকারী। (সহীহ তিরমিযী ৩/১৬৮)

৪।

الله الله رَبِّي لَا أشرك بِهِ شَيْئا

উচ্চারণঃ-আল্লা-হু আল্লা-হু রাব্বী লা উশরিকু বিহী শাই।

অর্থঃ আল্লাহ আল্লাহ আমার প্রভু, তার সাথে কিছুকে শরীক করি না। (সহীহ ইবনে মাজাহ ২/৩৩৫)

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন